স্বাধীনতার ৫০ বছরপূর্তিতে বাংলাদেশ ও ভারত যৌথ অনুষ্ঠান করবে: পররাষ্ট্রমন্ত্রী

চেম্বার ডেস্ক:: পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, ভারত আমাদের নিকট প্রতিবেশি। তাদের সাথে আমাদের সম্পর্ক ঐতিহাসিক। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে তারাও রক্ত দিয়েছে। মুক্তিযুদ্ধে আমাদের বিজয়, তাদেরও অনেক বড় বিজয়। আগামী বছর আমরা স্বাধীনতার ৫০ বছরপূর্তি উৎসব করবো। এই উৎসবে অনেকগুলো অনুষ্ঠান দু’দেশ মিলে করবে। এজন্য আলাপ আলোচনাও চলছে।

বুধবার সিলেট জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্থায়ী প্রতিকৃতি উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন।

ভারতের পররাষ্ট্র সচিব হর্ষ বর্ধন শ্রিংলার বাংলাদেশ সফর প্রসঙ্গে ড. মোমেন বলেন, আলোচনায় কোভিড বিষয় গুরুত্ব পাবে। ভারতে কোভিডের ভ্যাকসিন তৈরির সম্ভাবনা আছে। সেটা আমরা কিভাবে পেতে পারি এটা নিয়েও আলোচনা হতে পারে। তবে আমরা অন্যান্য দেশ থেকেও কোভিডের ভ্যাকসিনের ব্যবস্থা করার চেষ্টা চালাবো।

পররাষ্ট্রমন্ত্রী ড. মোমেন আরো বলেন, ভারতীয় পররাষ্ট্র সচিবের সাথে দু’দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা হবে। প্রতিবেশি দেশ হিসেবে ভারতের সাথে আমাদের অনেক কিছু আলোচনার আছে। কোভিডের কারণে পশ্চিমবঙ্গ সরকার কড়াকড়ি করায় দু’দেশের অনেকগুলো পণ্যবাহী ট্রাক আটকা পড়েছিল। পরে ট্রাকের পরিবর্তে ট্রেন ও জাহাজ দিয়ে পণ্য পরিবহন করা হয়েছে। ভারতের সাথে ভালো সম্পর্ক থাকায় এসব সমস্যা সহজে দূর করা সম্ভব হচ্ছে।

এর আগে মন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি উদ্বোধন করেন এবং ১৫ আগস্টের সকল শহীদের রূহের মাগফেরাত কামনা করে মোনাজাত করেন।